আজকের কাগজ

তারিখ ... 11 JUN 1993
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৫ ...

## রা. বি. অধীনে ১৯৯২ সালের ডিগ্রী পরীক্ষা শুরু

# নকলের দায়ে বেশ কিছু পরীক্ষার্থী বহিষ্কার
# ম্যাজিস্ট্রেট লাঞ্ছিত ।। পরীক্ষা কেন্দ্র ভাঙচুর

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীনে গতকাল থেকে ১৯৯২ সালের ডিগ্রী পরীক্ষা শুরু হয়েছে। মোট পরীক্ষার্থীর সংখ্যা ৫৫ হাজার ৫শ' ৩ জন। বহিরাগত পরীক্ষার্থীর সংখ্যা ৪ হাজার ৩শ' ৫০। বিএ পরীক্ষার্থীর সংখ্যা ৪১ হাজার ৫শ' ৯৬ জন। বিএসএস পরীক্ষা দিচ্ছে ৪ হাজার ৬শ' ৭৬, বিকম ৫ হাজার ৭শ' ৯৬ এবং বিএসসিতে ৩ হাজার ৫শ' ৩৫ জন। মোট ১শ' ৫৩টি কেন্দ্রে এ বছর পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। পরীক্ষার প্রথম দিনে গতকাল অসদুপায় অবলম্বনের জন্যে বেশ কিছু পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। কয়েকটি কেন্দ্রে অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া গেছে। ম্যাজিস্ট্রেট লাঞ্ছিতসহ ভাঙচুরের মতো ঘটনাও ঘটেছে।

ঠাকুরগাঁ থেকে আমাদের সংবাদদাতা আবু তোরাব মানিক জানিয়েছে, জেলার তিনটি কেন্দ্রে ২ হাজার ৭শ' ৯৬ জন পরীক্ষার্থী'র মধ্যে প্রথম দিনের পরীক্ষায় ৮৫ জনকে বহিষ্কার করা হয়েছে। ঠাকুরগাঁ সরকারি কলেজ কেন্দ্রে ২১ জন, রুহিয়া ডিগ্রী কলেজ কেন্দ্রে ৫৩ জন এবং পীরগঞ্জ সরকারি কলেজ কেন্দ্রে ১১ জন বহিষ্কৃত হয়।

এর মধ্যে তিনটি কেন্দ্রে ১১৫ জন পরীক্ষার্থী পরীক্ষা দেয়নি। ঠাকুরগাঁ উচ্চ বালিকা বিদ্যালয় উপকেন্দ্রে পরীক্ষা চলাকালীন সময়ে দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটের ওপরে কয়েকজন ছাত্র চড়াও হওয়ার চেষ্টা করে। পুলিশ পরে ম্যাজিস্ট্রেটকে নিরাপদ এলাকায় সরিয়ে নেয়। পরীক্ষার্থীরা কেন্দ্রের কয়েকটি টেবিল ভেঙ্গে ফেলে। পরে পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হয়।

উল্লেখ্য যে, গত বছরের' ৯১ সালের ডিগ্রী পরীক্ষায় ঠাকুরগাঁ কলেজ কেন্দ্রের বিভিন্ন অনিয়মের কারণে সব ফলাফল বাতিল হয়। তাই এবার সেখানে খুব কড়াকড়ি ব্যবস্থা নেয়া হয়েছে।

আমাদের রংপুর প্রতিনিধি জয়নাল আবেদীন জানিয়েছেন, এ জেলায় মোট পরীক্ষার্থীর সংখ্যা ৩ হাজার ৬শ' ৮৬ জন। ১০টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। গতকাল অসদুপায় অবলম্বনের দায়ে মোট ১শ' ১৩ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

নন্দকিশোর আগরওয়ালা জানিয়েছেন, জয়পুরহাট জেলার ৫টি কেন্দ্রে ১শ' ১২জন ছাত্রীসহ মোট ৫শ' ৫৭ জন অংশ নিচ্ছে।

৬ জন ছাত্রীসহ ৪৩ জন গতকাল পরীক্ষা দেয়নি। অসদুপায়ের জন্যে ১০ জনকে বহিষ্কার করা হয়েছে।